



উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
খোকসা, কুষ্টিয়া  
[www.khoksa.kushtia.gov.bd](http://www.khoksa.kushtia.gov.bd)

নম্বরঃ ০০.০০.৫০৬৩.০০৫.৯৯.০০৩.২৪.১৭৮

২৯ ফাল্গুন, ১৪৩০  
তারিখঃ-----  
১৩ মার্চ, ২০২৪

### সায়রাত মহাল (জলমহাল) ইজারা বিজ্ঞপ্তি

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসারের নিয়ন্ত্রণাধীন ২০.০০ একরের নিম্নে ইজারায়োগ্য জলমহাল ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ ০৩ (তিন) বছর মেয়াদে (১লা বৈশাখ ১৪৩১ হতে ৩০ চৈত্র, ১৪৩৩ বঙ্গাব্দ) সাধারণ আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ অধিশাখার ২৫ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০১.২৪.৩৬১ নম্বর স্মারকের নির্দেশনা মোতাবেক অনলাইন-প্রক্রিয়ায় অ-ইজারাকৃত জলমহাল, নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সদস্যগণের নিকট হতে নির্ধারিত সময়সূচি, নিয়মাবলি/শর্তাবলি ও চেকলিস্ট অনুসরণপূর্বক ম্যানুয়াল পদ্ধতিতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

### ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ মেয়াদে ইজারায়োগ্য জলমহালের তফসিল ও ইজারামূল্য

ক্রমিক নম্বর	উপজেলা	জলমহালের নাম	জলমহালের আয়তন (একরে)	তফসিল			সিডিউল মূল্য	সম্ভাব্য সরকারি মূল্য (প্রতি বছর)
				মোজা	খতিয়ান	দাগ		
১.	খোকসা	শিমুলিয়া জলকর	১০.৯৪	শিমুলিয়া	০১ নং খাস খতিয়ান	১৪৯৮	৫০০/-	১০,২০০/-

### ডাকের তফসিল

সিডিউল ক্রয়ের সময়সীমা	দরপত্র দাখিলের তারিখ	দরপত্র দাখিলের সর্বশেষ সময়সীমা	দরপত্র বাস্তব খোলার সময়
১৮ মার্চ, ২০২৪ হতে ২৮ মার্চ, ২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত	৩১ মার্চ, ২০২৪ খ্রি.	দুপুর ১২:৩০ ঘটিকা পর্যন্ত	বিকাল ২:৩০ ঘটিকা

### নিয়মাবলী:

- উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, খোকসা, কুষ্টিয়া হতে ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যে সিডিউল সংগ্রহ করতে হবে।
- জলমহালের উপর উর্ধ্বতন কর্তৃপক্ষের/মন্ত্রণালয়ের স্থগিতাদেশ/সিদ্ধান্তের অপেক্ষায় অথবা কোন আদালতের স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থায় আদেশ থাকলে বর্ণিত আদেশ প্রত্যাহারের পর কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া পরবর্তীতে জলমহালের উপর অনুরূপ আদেশ হলেও সংশ্লিষ্ট জলমহালের ইজারা কার্যক্রম স্থগিত থাকবে।
- জলমহালের ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তিটি [www.khoksa.kushtia.gov.bd](http://www.khoksa.kushtia.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে। সেইসাথে জলমহাল বন্দোবস্ত প্রাপ্তির সকল শর্তাদি উপজেলা পোর্টাল ও নোটিশ বোর্ড হতে জানা যাবে।
- তফসিল অনুযায়ী নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন দাখিলের সকল কার্যক্রম সম্পাদন করতে হবে। জলমহাল ইজারা প্রাপ্তির জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূলকপি সীলগালা করে মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের দরপত্র বাস্তব দাখিল করতে হবে। সীলগালাকৃত খামের উপরিভাগে 'জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন' কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পার্শ্বের নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে।
- জলমহাল ইজারা প্রাপ্তির জন্য সর্বনিম্ন ৩০% অর্থ জামানত হিসেবে দরপত্রের সহিত দাখিল করতে হবে।
- কর্তৃপক্ষ কোন রূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ বা সম্পূর্ণ দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩/০৩/২৪

ইরুফা সুলতানা  
উপজেলা নির্বাহী অফিসার  
খোকসা, কুষ্টিয়া  
ফোনঃ ০২-৪৭৭৭৮৫৩০১।